

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে যাত্রীয় ফি দ্বিগুণ বৃদ্ধি ॥ ছাত্র-ছাত্রীদের সুযোগ-সুবিধা হ্রাস

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা এ নিজস্ব উপলব্ধি আয় বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফিস যাত্রীয় ফি দ্বিগুণ বৃদ্ধি করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের উপর অতিরিক্ত ফি আরোপ করা হলেও তাদের সুযোগ-সুবিধা আরো সংকোচন করা হয়েছে।

উপস্থানস্থানে জানা যায়, কলা, সমাজ বিজ্ঞান ও বাণিজ্য অনুষদে এ বছর ভর্তি ফি বেড়েছে প্রায় ৯শ' টাকা। বিজ্ঞান অনুষদে বেড়েছে এক হাজার ৪৭ টাকা। তিন হাজার টাকার কমে কোন ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না। বাণিজ্য অনুষদে সব মিলিয়ে লাগবে প্রায় ৫ হাজার টাকা। পরিবহন ফি প্রায় ৪০ শতাংশ, পরীচার ফি ২৫ শতাংশ, আবাসিক ফি চার ৭৫ শতাংশ, সন্দপত্র ফি ৭৫ শতাংশ বাড়ানো হয়েছে। এছাড়াও বিশিষ্ট ছাত্র বিভিন্ন বিভাগে আদায় করা হচ্ছে ৫শ' থেকে ২৪শ' টাকা পর্যন্ত। জানা যায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ অর্থ বছরের বাজেটে ৫ কোটি ৬ লাখ টাকা ঘাটতি দেখানো হয়। বাজেটের ৯৩ শতাংশ অর্থ বরচ হতে বেতন-ভাতাসহ প্রশাসনিক খরচে। ছাত্র/ছাত্রীদের সুবিধা বাবদ ৬ শতাংশ এবং শিক্ষা অনুষদিক খরচে মাত্র এক শতাংশ ব্যয় হবে। চমকান অর্থিক সংকট কাটিয়ে উঠতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিজস্ব আয় বৃদ্ধির নামে ছাত্র-ছাত্রীদের যাত্রীয় ফি বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করে। গত ২রা এপ্রিল অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৯৭তম সভার ৪নং সিদ্ধান্তে ফি বৃদ্ধির প্রস্তাব গৃহীত হওয়ার পর তা কার্যকর করা হয়েছে।

ফি বৃদ্ধির ফলে কলা, সমাজ বিজ্ঞান ও বাণিজ্য অনুষদে প্রথম বর্ষে ভর্তি হতে একজন ছাত্রকে ফি দিতে হয়েছে/হচ্ছে ২২শ' ৫৮ টাকার ফুল এবং দিতে হবে ২৬শ' ৫ টাকা। এছাড়া প্রতিটি বিভাগে মূল ভর্তি ফিসের ন্যায় বাবদ ৫শ' থেকে ৭শ' টাকা পর্যন্ত আদায় করার অভিযোগ পাওয়া গেছে। অনেক ক্ষেত্রে এসব টাকা আদায় করা হচ্ছে বিশিষ্ট ছাত্রেরা। শিক্ষা উন্নয়ন সংক্রান্ত কাজে বাজেট বরাদ্দ কমানোর ফলে কয়েকটি দিয়ে এ বছর শিক্ষা উন্নয়ন ফি আদায় করা হচ্ছে ৬শ' টাকা করে পূর্বে এর পরিমাণ ছিল ৪শ' টাকা। বিজ্ঞানের ছাত্রদের জন্য স্ট্যাম্পের ফি ১শ' টাকা থেকে বাড়িয়ে ৩শ' টাকা করা হয়েছে। এছাড়া মার্কস ঘাটাই ফি ৪০ থেকে ১২০ টাকা, গ্রন্থাগার ফি ১শ' থেকে ২শ' টাকা করা হয়েছে। সেপন ফি ১৭৮ টাকা থেকে বাড়িয়ে ২৫০ টাকা করা হয়েছে। পরিবহন সুবিধা কমেছে কিন্তু ফি বেড়েছে। ১৯৯৯ সালের আগ ২২টি অন্তঃ ক্যাম্পাস ছাত্র বাস চলাচল করতো। সে সময় বাস ও শটল ট্রেনের জন্য ফি ছিল ৫০ টাকা। এখন বাস বন্ধ করে দিয়ে পরিবহন ফি আদায় করা হচ্ছে ৫শ' টাকা। এক বছর আগেও এর পরিমাণ ছিল ৩৬০ টাকা। এছাড়াও হল ডাইনিং এ সার্বিসির অভাবে খাবারের মান নিম্নশ্রেণী, হলগুলোতে আছে

পানি ও বিদ্যুৎ সংকট এবং আবাসিক ছাত্রদের কোন ব্যবস্থার সুবিধাও সংকুচিত করা হয়েছে। এর উপর ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ সন্ধান শ্রেণীর নিয়মিত এবং মাতকোত্তর শেষ পর্বের নিয়মিত আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য হল সংস্থাপন ফি ২৪০ টাকা থেকে বৃদ্ধি করে ৩৬০ টাকা করা হয়েছে। এবার কিছু নতুন ফি সংযোজন করা হয়েছে। এর মধ্যে চিকিৎসা ফি ৫০ টাকা, বিএনসি ফি ২০ টাকা,

গ্রন্থাগার কার্ড ফি ২৫ টাকা উল্লেখযোগ্য। গ্রন্থাগার কার্ড ফি যোগ করার ফলে একজন ছাত্রকে গ্রন্থাগার বাবদ দু'বছরের মোট ২৫০ টাকা দিতে হচ্ছে। বাজেট ঘাটতি কমানোর নামে ভর্তি ফিস অন্যান্য ফি বৃদ্ধি করার ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মাঝে অসন্তোষ দেখা গিয়েছে। ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্রপরিষদ, ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়ন ক্যাম্পাসে কর্মসূচী পালন করছে।